দৈনিক বাংলা

তারিখ 11/11/78
পৃষ্ঠা 4 কলাম 6





# আজ মেজর গনির ২১তম মৃত্যুবার্ষিকী

আজ শনিবার মরহুম মেজর এ গনির ২১তম মৃত্যুবার্ষিকী। এ উপলক্ষে কুমিল্লার ঠাকুরপাড়ায় এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

মেজর গনি ছিলেন বেঙ্গল রেজিমেন্টের প্রতিষ্ঠাতা। তার প্রচেষ্টায় ১৯৪৮ সালের ১৫ই ফেব্রুয়ারী বেঙ্গল রেজিমেন্ট গঠিত হয়।

১৯১৫ সালে কুমিল্লার বুড়িচং থানার নাগাইশ গ্রামে এই বাঙালী কৃতি সন্তানের জন্ম। কোলকাতা ইসলামিয়া কলেজে বিএ ক্লাশে অধ্যয়নকালে তিনি ১৯৪১ সালে অফিসার পদমর্যাদায় বৃটিশ সামরিক বাহিনীতে যোগ দেন।

দ্বিতীয় বিশ্বযুদ্ধে বাঙালী সৈনিকদের দক্ষতা, সাহসিকতা এবং সামরিক জীবনের প্রতি অনুরক্ততা দেখে তিনি বাঙালীদের সমন্বয়ে একটি বাহিনী গঠনের উদ্যোগ নেন।

মেজর গনি ১৯৫৪ সালে সেনাবাহিনী থেকে অবসর গ্রহণ করেন। ওই একই বছর তৎকালীন পূর্ব পাকিস্তান আইন পরিষদের সদস্য নির্বাচিত হন।

তিনি ১৯৫৭ সালে বিশ্বের প্রবীণ যোদ্ধাদের এক অধিবেশনে যোগ দিতে বার্লিন যান। কিন্তু অধিবেশন শেষ হবার পর তিনি স্বদেশে ফেরার পথে ফ্রাংকফুর্টে হৃদরোগে আক্রান্ত হন। ১১ই নবেম্বর তিনি ইন্তেকাল করেন।